গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,
ঢাকা-১০০০
কর্মসংস্থান-২ শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০৪৪.১৮.০৩১৭.২৬.৩৩১

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

বিষয়: সার্বিয়ায় ২০০ (দুইশত) জন কর্মী প্রেরণের নিয়োগানুমতি প্রদান

সূত্র: রিক্রুটিং এজেন্ট মেসার্স Israt Air International (RL 1471) হতে প্রাপ্ত আবেদন; তারিখ: ২৯-১০-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, রিক্রুটিং এজেন্ট মেসার্স Israt Air International (RL 1471) কর্তৃক সার্বিয়াস্থ MM. Safety Net. Doo কোম্পানীতে Construction Worker পদে প্রেরণের নিমিত্ত ২০০ জন কর্মীর নিয়োগানুমতি (তালিকা সংযুক্ত) নিম্নবর্ণিত শর্তমোতাবেক নির্দেশক্রমে প্রদান করা হলো:

রিক্রুটিং এজেন্টের নাম ও ঠিকানা	নিয়োগকর্তা/ কোম্পানির নাম	পদের নাম ও কর্মী সংখ্যা	বেতন ও অন্যান্য শর্ত
Israt Air International (RL-1471)	MM. Safety Net. Doo	Construction Worker পদে ২০০ জন	**Salary: 700 EUR** Working Hours: 8 hours Day weekly 5 days; The employment contract is concluded for a fixed term of two (2) years, tied to the validity of the single permit for temporary residence and work, with a probationary period of one (1) month. Working time is 40 hours per week over five working days. Overtime, night work and work on public holidays are paid at the increased rates prescribed by the Labour Law of the Republic of Serbia. In the event of the death of an employee, the Employer shall at its own cost arrange the repatriation of the remains to the home country and the payment of compensation to the employee's family. Injuries at work, accidents and occupational diseases are covered by insurance provided and paid for by the Employer. The Employer provides free accommodation, meals and transport to and from the place of work, health insurance, an annual medical examination and personal protective equipment, and bears the cost of the work visa, the single permit, the registration of residence and the inbound and return air tickets. The salary stated is the net amount payable to the worker, in Serbian dinars at the middle exchange rate of the National Bank of Serbia on the payment date. The Employer registers the worker for compulsory social insurance before commencement of work and bears all employer taxes and contributions. No recruitment fee of any kind is charged to the worker.
		মোট ২০০ জন	

শর্তাবলীঃ

(ক) বাংলাদেশ থেকে সার্বিয়ায় কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং সার্বিয়ার উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান

অনুসরণ করতে হবে;
(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশি কর্মী সার্বিয়ায় পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস, ইতালিতে প্রতিবেদন দাখিল করবে;
(গ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;
(ঘ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;
(ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে সর্বোচ্চ ১,৬৫,০০০/-(এক লক্ষ পয়ষট্টি হাজার টাকা) টাকা চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;
(চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে, যুদ্ধে জড়িত হবে না এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিংএজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
(ছ) এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে এবং বাংলাদেশ মিশনকে অবহিত করতে হবে;
(জ) নিয়োগকর্তা কর্তৃক সার্বিয়ার বিমান বন্দরে কর্মীদের গ্রহণ নিশ্চিত করতে হবে তৎপূর্বে তথ্যাদি ইতালির বাংলাদেশ দূতাবাসকে ইমেইলে বা পত্র দিয়ে অবগত করতে হবে।;
(ঝ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি এবং বিএমইটিতে দাখিল করতে হবে; এবং
(ঞ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক 200 জন কর্মীর তালিকা.pdf,।

সংযুক্তিঃ
(১) 200 জন কর্মীর তালিকা

০৪-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব
ফোন : ০২-৪১০৩০২৪২
ইমেইল : dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি,কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, 89/2, কাকরাইল, ঢাকা।

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০৪৪.১৮.০৩১৭.২৬.৩৩১/১ (৯)

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি।
২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫। প্রথম সচিব, শ্রম কল্যাণ উইং, রোম, ইতালি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬। প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮। স্বত্বাধিকারী, মেসার্স Israt Air International (RL 1471), কাকরাইল, ঢাকা।
৯। অফিস কপি, .।

০৪-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব